



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।



কলেজ কোড: ঢাকা শিক্ষা বোর্ড : ৪৫২৫, EIIN : ১১৪৭৪৩, জাতীয় বিশ্ববিদ্যালয় : ৫৩০৭  
e-mail : kgc10.tangail@gmail.com web: www.kgc.ac.bd, Phone: 02997752601

## বিজ্ঞপ্তি

তারিখ : ২১/০৩/২০২২ খ্রি.

এতদ্বারা কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল এর ২০২১-২২ শিক্ষাবর্ষের একাদশ ও ২০২০-২১ শিক্ষাবর্ষে ডিগ্রী ও অনার্স শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, যারা এসএসসি পরীক্ষা/২০২১ ও এইচ এস সি পরীক্ষা/২০২০ এ বোর্ড কর্তৃক মেধা ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত হয়েছে তাদের প্রয়োজনীয় কাগজপত্র যেমন: বৃত্তি সংক্রান্ত প্রধান শিক্ষক/অধ্যক্ষের স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র (প্রত্যয়ন পত্রের মধ্যে বৃত্তি গেজেটের স্মারক নম্বর, ক্রমিক নম্বর ও পৃষ্ঠা নম্বর উল্লেখ করতে হবে), এস এস সি/এইচএসসি পরীক্ষার নম্বর পত্রের ফটোকপি, শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের ফটোকপি, শিক্ষার্থীর মোবাইল নম্বর, পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্র ও জন্ম নিবন্ধনের ফটোকপি, শিক্ষার্থীর নিজ নামে বাংলাদেশ তফসীলভুক্ত অনলাইন সুবিধা সম্পন্ন ব্যাংক হিসাব খুলে ব্যাংক স্টেটমেন্ট এবং কলেজ কর্তৃক সরবরাহকৃত তথ্য ফরম পূরণ করে আগামী ৩১/০৩/২০২২ খ্রি. তারিখের মধ্যে কলেজের প্রধান সহকারীর অফিসে জমা দেয়ার জন্য বলা হলো। উল্লেখ্য যে, উপরোক্ত তথ্য জমা দিতে ব্যর্থ হলে, বৃত্তি সংক্রান্ত কোন জটিলতা হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বিঃদ্র: তথ্য ফরম অফিস থেকে সংগ্রহ করতে হবে।



(প্রফেসর আলীম আল রাজী)

আইডি নং-০০২৪৩৯

ভারপ্রাপ্ত অধ্যক্ষ

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।

প্রফেসর আলীম আল রাজী

আইডি নং- ০০২৪৩৯

ভারপ্রাপ্ত অধ্যক্ষ

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।